

B.A. 6th Semester (General) Examination, 2021 (CBCS)

বাংলা (সাধারণ)

Course: DSE-1B

(উনিশ শতকের বাংলা নাটক)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণ মান: ৬০

দক্ষিণ-প্রান্তস্থ মানগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

উত্তরপত্র সর্বাধিক পনেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

১। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও: $৬ \times ৫ = ৩০$

ক) বাংলা নাটকের ইতিহাসে হেরাসিম লেবেডফের অবদান আলোচনা করো।

খ) সামাজিক নাটক রচনায় রামনারায়ণ তর্করত্নের দক্ষতার পরিচয় দাও।

গ) পৌরাণিক নাটক রচনায় মধুসূদন দত্তের কৃতিত্ব সম্পর্কে তোমার অভিমত দাও।

ঘ) উপেন্দ্রনাথ দাসের নাটক সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

ঙ) সামাজিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের কৃতিত্ব সম্পর্কে লেখো।

চ) বাংলা নাটকের ইতিহাসে রাজকৃষ্ণ রায়ের অবদান আলোচনা করো।

ছ) উনিশ শতকের দ্বিতীয়ার্ধের যে-কোনো একজন প্রহসন রচয়িতার প্রহসনগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

জ) অমৃতলাল বসুর কমেডি নাটকগুলি সম্পর্কে যা জানো লেখো।

২। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $৩ \times ১০ = ৩০$

ক) উনিশ শতকে লেখা রবীন্দ্রনাথের নাটকগুলির একটি সাধারণ পরিচয় দাও।

খ) বাংলা নাটকের ইতিহাসে মধুসূদন দত্তের অবদান আলোচনা করো।

গ) নাট্যকার হিসেবে দীনবন্ধু মিত্রের প্রতিভার মূল্যায়ন করো।

ঘ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের নাটকগুলির পরিচয় দিয়ে নাটক রচনায় তাঁর কৃতিত্বের মূল্যায়ন করো।

ঙ) উনিশ শতকে রচিত সমাজ-সমস্যামূলক নাটকগুলির বৈশিষ্ট্য এবং গুরুত্ব আলোচনা করো।

অথবা

(উনিশ শতকের বাংলা প্রবন্ধ)

১। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও: $৬ \times ৫ = ৩০$

ক) বাংলা প্রবন্ধসাহিত্যে রামমোহন রায়ের অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

খ) প্রাবন্ধিক কালীপ্রসন্ন সিংহের পরিচয় দাও।

গ) প্রাবন্ধিক দেবেন্দ্রনাথ ঠাকুর সম্পর্কে টিকা লেখো।

ঘ) প্রাবন্ধিক মীর মশারুফ হোসেনের কৃতিত্ব নিরূপণ করো।

ঙ) বাংলা প্রবন্ধ-সাহিত্যে বিবেকানন্দের ভাষারীতির গুরুত্ব আলোচনা করো।

চ) প্রাবন্ধিক স্বর্ণকুমারী দেবীর সাহিত্যকীর্তির পরিচয় দাও।

ছ) প্রবন্ধ-রচয়িতা হিসেবে শিবনাথ শাস্ত্রীর কৃতিত্ব বিচার করো।

জ) প্রবন্ধ ও নিবন্ধ কাকে বলে? এদের মধ্যে পার্থক্য বোঝাও।

২। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $৩ \times ১০ = ৩০$

ক) উনিশ শতকের প্রথমার্ধে বাংলা প্রবন্ধ-সাহিত্যের উদ্ভব ও বিকাশ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

খ) বাংলা প্রবন্ধের ইতিহাসে বিদ্যাসাগরের ভূমিকা আলোচনা করো।

গ) প্রাবন্ধিক অক্ষয়কুমার দত্তের পরিচয় দাও।

ঘ) বাংলা প্রবন্ধ সাহিত্যের ইতিহাসে ভূদেব মুখোপাধ্যায়ের স্থান নির্ণয় করো।

ঙ) প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করো।